**RBI/2004-05/213**
CO.DT.No. 15.02.001/H.3484 - 3520 /2004-05

৭ই অক্টোবর, ২০০৪
১৫ই আশ্বিন, ১৯২৬ (শক)

চেয়ারম্যান এবং ম্যানেজিং ডিরেক্টার
ভারতীয় স্টেট ব্যাংক / সহযোগী ব্যাংক
১৫ টি সরকারী ব্যাংক

মহাশয়,

**সরকারী ব্যাংকগুলির দ্বারা বরিষ্ঠ নাগরিকদের সঞ্চয় প্রকল্প, ২০০৪-এর পরিচালনা**

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে ভারত সরকার বিজ্ঞপ্তি নং G.S.R.490(E) তারিখ ২রা অগাস্ট, ২০০৪ শর্ত অনুযায়ী সরকার বরিষ্ঠ নাগরিক সঞ্চয় প্রকল্প (এস-সি-এস-এস) ২০০৪, উপস্থাপিত করেছেন যেটা কার্যকর হবে ২০০৪-এর ২রা অগাস্ট থেকে ডাক ঘরের মাধ্যমে। ভারত সরকার এমন সিদ্ধান্ত নিয়েছেন যে উপরোক্ত স্কীমটি কার্যকর করা যাবে সরকারী ব্যাংকগুলির সমস্ত শাখাদের মাধ্যমে, যারা "**পাবলিক প্রভিডেন্ট ফাণ্ড প্রকল্প ১৯৬৮**" পরিচালনা করেছেন (বিজ্ঞপ্তি নং 2-8/2004-NS.II তারিখ ৩০শে সেপ্টেম্বর, ২০০৪)। ১৯৬৮-এর পাবলিক প্রভিডেন্ট ফাণ্ড প্রকল্পের অনুসারে পরিচালক ব্যাংকগুলি পূর্বোক্ত প্রকল্পের কাজ করেছেন। আমরা ২/৮/২০০৪ এর বিজ্ঞপ্তির ১০টি প্রতিলিপি পাঠালাম ৩০/৯/২০০৪ এর কার্যালয় বিজ্ঞপ্তির একটি প্রতিলিপি পাঠালাম আপনাদের সমস্ত তথ্য জানাতে এবং সেই মতো কাজ করবেন।

২। ৩০/৯/২০০৪ এর কার্যালয় বিজ্ঞপ্তি থেকে জানা যায় যে ভারত সরকার তার চুক্তির শর্ত অনুযায়ী এই প্রকল্পটি কার্যকর করার উদ্দেশ্যে অগ্রসর হওয়ার প্রণালী বলে দিয়েছেন –

ক) স্বল্প সঞ্চয়ের এজেন্টরা যারা আদর্শায়ীত এজেন্সি ব্যাবস্থার (এস-এ-এস) অন্তর্গত হয়ে কাজ করেন তারা টাকা জমা দেওয়ার উপযুক্ত এবং জমা টাকার অর্ধেক শতাংশ তারা তারা দালালি হিসেবে পাবে। আদর্শায়িত এজেন্সি ব্যবস্থার এজেন্টরা কমিশন সেই ভিত্তিতেই যেভাবে পাবলিক প্রভিডেন্ট ফাণ্ড প্রকল্প এজেন্টরা পেয়ে থাকেন অর্থাৎ "উৎস মূলে কমিশন প্রদান ব্যবস্থা" যেটা বর্ণিত আছে কার্যালয় বিজ্ঞপ্তি নম্বর 18/5/99-NS.II তারিখ ১০ই ফেব্রুয়ারী, ২০০৪ এবং ২০শে মে ২০০৪ ভারত সরকারের অর্থনৈতিক দপ্তর, অর্থমন্ত্রক অবসরপ্রাপ্ত কর্মীদের জন্য প্রকল্প আছে সেই ভিত্তিতেই আদর্শায়িত এজেন্সি ব্যাবস্থা এজেন্টরা টাকা জমা দেবে।

খ) এই প্রকল্পের বিভিন্ন আদানপ্রদান পরিচালনার বৃত্তান্ত এমনও চূড়ান্ত হয়নি এই প্রকল্পের অন্তর্গত সমস্ত আদানপ্রদানকে বিভিন্ন পর্যায়ে বিভক্ত করা যায় যেমন –

১) **মূল আমানত রাখা এবং তা প্রত্যাহার :** প্রধান খাত : ৮০০১ - ন্যাশানাল সেভিংস ডিপোজিট : ০০.১৩ - ফিক্সড ও টার্ম ডিপোজিট।

২) **আমানতকারীদের সুদ প্রদান :** প্রধান খাত : ৮০০৮ - ইনকাম অ্যান্ড এক্সপেন্ডিচার অফ ন্যাশানাল স্মল সেভিংস ফাণ্ড : ০২ - ইন্টারেস্ট পেমেন্টস টু সাবস্ক্রাইবারস : ১০১ - ইন্টারেস্ট অন ন্যাশানাল সেভিংস ডিপোজিট।

৩) **এজেন্টদের কমিশন প্রদান :** প্রধান খাত : ৮০০৮ - ইনকাম অ্যান্ড এক্সপেন্ডিচার অফ ন্যাশানাল স্মল সেভিংস ফাণ্ড : ০৩ - ম্যানেজমেন্ট কস্টস ১০৩ - পেমেন্ট অফ কমিশন বাই ব্যাংকস : ০২ - পেমেন্ট অফ কমিশন টু এস-এ-এস এজেন্টস : ৫০ - আদার চার্জেস।

গ) আপনাদের অন্তর্গত যে সমস্ত শাখা আছে তাদের সকলকে বরিষ্ঠ নাগরিক সঞ্চয় প্রকল্প ২০০৪-এর বিভিন্ন রীতি-নীতিকে কার্যকর করার পন্থাগুলির সাথে পরিচয় করিয়ে দিতে হবে এবং তার জন্য প্রয়োজনীয় সমস্ত বই-খাতা ইত্যাদির যোগাড় দিতে হবে। যে হেতু ভারত সরকার এই প্রকল্পটিকে সরকারী ক্ষেত্রের ব্যাংকের মাধ্যমে চালু করতে চাইছেন ০২.০২.২০০৪-এর আগে, সেহেতু আমরা আপনাকে এই উপদেশ দিচ্ছি যে, সফলভাবে এই প্রকল্পটিকে চালু করা এবং পরিচালনা করার জন্য যা যা প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার দরকার সেটি নিন।

৩। এই চিঠির সঙ্গে আমরা **সংযোজনী ১** পাঠালাম যার মধ্যে হিসাবরক্ষণ কার্যপ্রণালীর সমস্ত বিবরণ এবং সরকারী ক্ষেত্রের ব্যাংকগুলির যে প্রতিবেদন প্রণালীর ব্যবহার করবেন তাও জানালাম। সেই মতো আপনারাও কাজ শুরু করবেন। বরিষ্ঠ নাগরিক সঞ্চয় প্রকল্প ২০০৪-এর প্রধান বৈশিষ্ট্যগুলি **সংযোজনী ২-**এ পাঠালাম, আপনাদের তথ্যের জন্য ও কাজের জন্য।

৪। উপরোক্ত চিঠির কথা মাথায় রেখে আপনারা আঞ্চলিক/বিভাগীয়/নির্দিষ্ট কার্যালয়ের শাখাতে আমাদের দেওয়া নিয়মাবলীর ভিত্তিতে কার্যপ্রণালীর বিবরণ পাঠাবেন। আপনাদের একথাও জানানো হচ্ছে যে বরিষ্ঠ নাগরিক সঞ্চয় প্রকল্প ২০০৪-এ জমা সমস্তা অর্থ আপনাদের অন্তর্গত শাখাগুলি যেন গ্রহণ করে ১লা নভেম্বর ২০০৪-এর মধ্যে।

৫। অনুগ্রহ করে প্রাপ্তি স্বীকার করুন।

ইতি ভবদীয়

(বি বি সাংমা)
জেনারেল ম্যানেজার

সংযোজনী : উপরে বর্ণিত

**সংযোজনী ১**

**বরিষ্ঠ নাগরিক সঞ্চয় প্রকল্প, ২০০৪**

১। অংশগ্রহণকারী ব্যাংক - এই প্রকল্পটি সরকারী ক্ষেত্রের ব্যাংকগুলির সমস্ত শাখাগুলি, যেগুলি পাবলিক প্রভিডেন্ট ফাণ্ড ১৯৬৮ প্রকল্পটি পরিচালনা করছেন, সেগুলির মাধ্যমে পরিচালনা করা হবে।

২। **অর্থ স্থানান্তরণের প্রতিবেদন ও হিসাব রক্ষণ প্রণালী**

(ক) বর্তমান প্রণালী অনুযায়ী সরকারী ব্যাংকগুলির শাখাগুলি বরিষ্ঠ নাগরিক সঞ্চয় প্রকল্প, ২০০৪ অন্তর্গত জমার অর্থ তাদের লিঙ্ক সেলকে পাঠাবে **প্রত্যেকদিন** হিসাবে যাতে সেটি কেন্দ্রীয় হিসাব রক্ষণ বিভাগ, ভারতীয় রিজার্ভ ব্যাংক, নাগপুরে যে সরকারের অ্যাকাউন্ট আছে তাতে জমা পড়ে। যদি বরিষ্ঠ নাগরিক সঞ্চয় প্রকল্প, ২০০৪-এর অর্থ জমা পড়ার তিন দিনের মধ্যে সরকারের অ্যাকাউন্টে না জমা পড়ে তবে তা উপর শাস্তিমূলক সুদ ধার্য হবে কুপন হার অনুযায়ী।

(খ) সমস্ত এজেন্সী ব্যাংকগুলিকে নিচে দেওয়া প্রতিবেদনের ব্যবস্থা অনুযায়ী তথ্য জানাতে হবে -

(১) বরিষ্ঠ নাগরিক সঞ্চয় প্রকল্প, ২০০৪ সম্পর্কিত আর্থিক লেনদেনের তত্ত্বাবধান যে সমস্ত স্টেট ব্যাংক অফ ইণ্ডিয়ার শাখাগুলি করে থাকে তারা সমস্ত তথ্য সরাসরি জানাবেন অথবা তাদের প্রধান শাখাগুলির মাধ্যমে জি-এ-ডিগ, নভি মুম্বাই-কে জানাবেন। এস-বি-আই, জি-এ-ডি, নভি মুম্বাই সমস্ত তথ্য একত্রিত করবে এবং কেন্দ্রীয় হিসাবরক্ষণ বিভাগ, নাগপুর-কে জানাবে **শাখাভিত্তিক ও রাজ্যভিত্তিক** ভাবে। বরিষ্ঠ নাগরিক সঞ্চয় প্রকল্প, ২০০৪-এর আর্থিক লেনদেনের প্রতিবেদন দাখিল করার বয়ান পাওয়া যাবে কেন্দ্রীয় অ্যাকাউন্ট বিভাগ, নাগপুর থেকে।

(২) বরিষ্ঠ নাগরিক সঞ্চয় প্রকল্প, ২০০৪ সম্পর্কিত সমস্ত লেনদেনের তথ্য রাষ্ট্রায়াত্ত ব্যাংকগুলি এবং তার সহযোগী সমস্ত ব্যাংকের শাখাগুলি **সরাসরি জানাবেন অথবা তাদের প্রধান শাখার মাধ্যমে তাদের লিঙ্ক সেল নাগপুরকে জানাবেন**।

(৩) রাষ্ট্রায়াত্ত ক্ষেত্রে ব্যাংকগুলি এবং তাদের সহযোগা ব্যাংকগুলির লিঙ্ক সেলগুলি **বরিষ্ঠ নাগরিক সঞ্চয় প্রকল্প, ২০০৪ -** এর লেনদেনের সমস্ত তথ্য একত্রিত করবে এবং **শাখাভিত্তিক ও রাজ্যভিত্তিকভাবে** সাজিয়ে দৈনন্দিনভাবে কেন্দ্রীয় হিসাবরক্ষণ বিভাগ, নাগপুরকে জমা দেবে এবং কেন্দ্রীয় হিসাবরক্ষণ বিভাগ, নাগপুরের সঙ্গে তহবিল মিলিয়ে দেখে নেবে। বরিষ্ঠ নাগরিক সঞ্চয় প্রকল্প, ২০০৪-এর আর্থিক লেনদেনের প্রতিবেদন দাখিল করার বয়ান পাওয়া যাবে কেন্দ্রীয় অ্যাকাউন্ট বিভাগ, নাগপুর থেকে।

(৪) স্টেট ব্যাংক অফ ইণ্ডিয়ার জেলাভিত্তিক শাখাগুলি, রাষ্ট্রায়াত্ত ক্ষেত্রে ব্যাংক ও সহযোগী ব্যাংকগুলির কাছে থেকে বরিষ্ঠ নাগরিক সঞ্চয় প্রকল্প, ২০০৪-এর অন্তর্গত লেনদেনের কোনো **তথ্য প্রতিবেদন নেবেন না** বা তাদের সঙ্গে **তহবিল মেলাবেন না**।

(৫) আমেদাবাদ, ব্যাঙ্গোলোর, ভূবনেশ্বর, কলকাতা, গুয়াহাটি, হায়দ্রাবাদ, জয়পুর, কানপুর, চেন্নাই, মুম্বাই, নাগপুর, নতুন দিল্লী, পাটনা ও তিরুভন্নতপুরমে অবস্থিত ভারতীয় রিজার্ভ ব্যাংকের কার্যালয়গুলি রাষ্ট্রায়াত্ত ক্ষেত্রে ব্যাংক ও সহযোগী ব্যাংকগুলির কাছে থেকে বরিষ্ঠ নাগরিক সঞ্চয় প্রকল্প, ২০০৪-এর অন্তর্গত লেনদেনের কোনো **তথ্য প্রতিবেদন নেবেন না** বা তাদের সঙ্গে **তহবিল মেলাবেন না**।

৩। এজেন্সী ব্যাংকগুলির নাগপুরে অবস্থিত লিঙ্ক সেলগুলি/স্টেট ব্যাংক অফ ইণ্ডিয়া, জি-এ-ডি, নভি মুম্বাইকে প্রধান হিসাব রক্ষক কর্মকর্তা, অর্থনৈতিক বিষয়াদি দপ্তর, অর্থমন্ত্রক, নতুন দিল্লী-কে মাসিক ভিত্তিতে তথ্য জানাতে হবে প্রতিবদনের মাধ্যমে, যে যে মাসের প্রতিবদন হবে তার পরবর্তীমাসের প্রথম সপ্তাহে পৌছাতে হবে।

**বরিষ্ঠ নাগরিক সঞ্চয় প্রকল্প, ২০০৪**

**প্রকল্পের সময়সীমা :** ৫ বছর, যা ৩ বছর পর্যন্ত বাড়ানো যাবে
**সুদের হার :** ৯%
**সুদ দেওয়া হবে :** ত্রৈমাসিক ভিত্তিতে
**করের বিষয়টি :** সুদের উপর পূর্ণ কর
**যে হারে বিনিয়োগ করা যাবে :** Rs. 1000 গুণিতক হিসাবে
**বিনিয়োগের সর্বোচ্চ সীমা :** Rs. 15 লক্ষ
**ন্যূনতম যোগ্য বয়স :** ৬০ বছর (৫৫ বছর যাঁরা স্বেচ্ছাবসর অথবা বিশেষ স্বেচ্ছ অবসর প্রকল্পে অবসর গ্রহণ করেছেন)
**মেয়াদ পূর্তির আগে ভাঙানো :** আমানত রাখার এক বছরের পর, সুদ কেটে নেওয়া হবে
**হস্তান্তর যোগ্যতা :** প্রযোজ্য নয়
**বিক্রয় যোগ্যতা :** প্রযোজ্য নয়
**নামাঙ্কনের সুবিধা :** পাওয়া যাবে
**কীভাবে রাখা যাবে :** সাধারণত একা, যৌথের ক্ষেত্রে কেবল মাত্র স্বামী/স্ত্রী-কে অনুমতি দেওয়া হবে যদি তাঁরা সুবিধাভগকারীর সঙ্গে যৌথ অ্যাকাউন্ট খোলেন
**আবেদন পত্রের লভ্যতা :** ডাকঘর ও রাষ্ট্রায়াত্ত ব্যাংকের নির্দিষ্ট শাখাগুলি